




জেলা পরিষদ কার্যালয়  
নাটোর।  
www.zpnatore.gov.bd



স্মারক নংঃ ৪৬.০০.৬৯০০.০০১.৩১.০০৬.২২- ২৫১


তারিখঃ ৩০/০৮/২০২২ খ্রিঃ

“শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি”

নাটোর জেলা পরিষদ কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে শুধু মাত্র ২০২২ সালে এসএসসি এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ দরিদ্র ও মেধাবী ছাত্র/ ছাত্রীদের নিকট নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- (০১) আবেদনকারীকে ২০২২ সনে অনুষ্ঠিত এস,এস,সি/এইচ,এস,সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ সহ উত্তীর্ণ হতে হবে। অসচ্ছল বীরমুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী আবেদনকারীদের ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ ৪.৫০ হলেও আবেদন করা যাবে।
- (০২) ডাকযোগে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অথবা জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি আবেদন করতে হবে।
- (০৩) অত্রাফিসে সরাসরি/ডাকযোগে/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে ৩০-০৫-২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (০৪) অসচ্ছল পরিবারের মেধাবী ছাত্র/ ছাত্রীকে নাটোর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- (০৫) আবেদনপত্রে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।
- (০৬) নাটোর জেলার স্থায়ী বাসিন্দা ও পরিবারের আর্থিক অসচ্ছলতার স্বপক্ষে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (০৭) আবেদনপত্রের সাথে পরীক্ষার মার্কশীট এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অথবা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- (০৮) অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ সাইদুল ইসলাম)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
জেলা পরিষদ, নাটোর।

ফোন- ০২৫৮৮৮৭২১২৮।  
তারিখঃ ৩০/০৮/২০২২ খ্রিঃ


স্মারক নংঃ ৪৬.০০.৬৯০০.০০১.৩১.০০৬.২২- ২৫১ (২০০)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, নাটোর।

অনুলিপিঃ বহুল প্রচারের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ৫। জেলা প্রশাসক .....(সকল)।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.....(সকল)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল) নাটোর।
- ৮। ..... সদস্য জেলা পরিষদ, নাটোর।
- ৯। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ১০। সম্পাদক, দৈনিক আমার সংবাদ এবং দৈনিক প্রান্তজন, নাটোর। তাঁকে বিজ্ঞপ্তিটি (৪" X ৫") কলামে স্বল্প পরিসরে আগামী ০৩-০৫-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে এক দিন মাত্র ছাপিয়ে প্রকাশান্তে পত্রিকার কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ১১। অফিস কপি।



প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
জেলা পরিষদ, নাটোর।